CORSO DI LINGUA ITALIANA

NOSTRA LINGUA LAB

L'ALFABETO · LA GRAMMATICA · I VERBI

ইতালিয়ান ভাষা শেখার সম্পূর্ণ পাঠক্রম — বাংলা ব্যাখ্যাসহ

ANIK SARDAR

PARTE PRIMA

সূচিপত্র

INDICE

PARTE UNO · L'ALFABETO E I SUONI

১ **L'ALFABETO ITALIANO** 8
ইতালিয়ান বর্ণমালা, উচ্চারণ ও বানান শেখা

২ **I SUONI DELLA LINGUA ITALIANA** 23
ইতালিয়ান ভাষার ধ্বনি ও সঠিক উচ্চারণ শেখা

৩ **LE PAROLE E LA PRONUNCIA** 37
শব্দ গঠন, শব্দাংশ, উচ্চারণ ও বানান শেখা

PARTE DUE · LA GRAMMATICA ITALIANA

৪ **IL NOME** 52
ইতালিয়ান ভাষায় বিশেষ্য (Noun) শেখা

৫ **MASCHILE E FEMMINILE** 65
ইতালিয়ান ভাষায় পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ

৬ **SINGOLARE E PLURALE** 76
একবচন ও বহুবচন

৭ **GLI ARTICOLI** 87
Italian Articles — IL, LO, LA, L', I, GLI, LE

৮ **GLI ARTICOLI INDETERMINATIVI** 100
UN, UNO, UNA, UN'

৯ **GLI AGGETTIVI** 110
Italian Adjectives — বিশেষণ

১০ **I PRONOMI PERSONALI** 122
Italian Personal Pronouns — ব্যক্তিবাচক সর্বনাম

১১ **GLI AGGETTIVI POSSESSIVI** 134
Mio, Tuo, Suo, Nostro, Vostro, Loro

১২ **LE PREPOSIZIONI SEMPLICI** 145
A, DI, DA, IN, CON, SU, PER, TRA, FRA

১৩ **LE PREPOSIZIONI ARTICOLATE** 158
AL, DEL, DAL, NEL, SUL এবং আরও অনেক কিছু

PARTE TRE · I VERBI ITALIANI

১৪ **ESSERE & AVERE**

Anik Sardar

AUTORE

Si occupa di insegnamento e apprendimento della lingua italiana. Con "Nostra Lingua Lab" vuole rendere lo studio dell'italiano più semplice, chiaro e pratico per tutti.

Crede che imparare una nuova lingua non significhi solo imparare nuove parole, ma anche conoscere una nuova cultura, nuove persone e nuove opportunità.

DESIGN E SVILUPPO

Ronaldo Roy

Imprenditore tecnologico e creatore digitale

Sono un imprenditore tecnologico, creatore digitale e sviluppatore software con oltre 13 anni di esperienza nel settore. Vivo in Italia e mi dedico a trasformare le idee in prodotti digitali che rispondono alle esigenze concrete delle persone: dagli immigrati alle prese con la burocrazia italiana a chi sta imparando una nuova lingua.

Sono il fondatore e lo sviluppatore di Italia360, Amar Patente e BustaFacile: tre prodotti nati per rendere più semplice l'utilizzo dei servizi e degli strumenti della vita quotidiana.

PARTE UNO

L’ALFABETO E I SUONI

বর্ণমালা, ধ্বনি ও উচ্চারণ

অধ্যায় ১ · অধ্যায় ২ · অধ্যায় ৩

অধ্যায় ১ | CAPITOLO 1

L'ALFABETO ITALIANO

ইতালিয়ান বর্ণমালা, উচ্চারণ ও বানান শেখা

এই অধ্যায়ে আমরা কী শিখব?

এই অধ্যায় শেষ করার পরে তুমি শিখতে পারবে—

- Italian Alphabet চিনতে
- প্রতিটি অক্ষরের নাম ও উচ্চারণ
- অক্ষর দিয়ে শব্দ পড়তে
- সহজ Italian শব্দ বানান করতে
- নিজের নাম বানান করতে
- শব্দ ভেঙে পড়তে
- কঠিন Italian উচ্চারণ বুঝতে
- ছোট ছোট শব্দ পড়তে ও লিখতে

1 Italian Alphabet কী?

Italian ভাষার মূল Alphabet-এ ২১টি অক্ষর রয়েছে।

মূল ITALIAN ALPHABET:

A B C D E F G H I L M N O P Q R S T U V Z

> লক্ষ্য করো: English Alphabet-এর মতো ২৬টি অক্ষর নয়। Traditional Italian Alphabet-এ

J, K, W, X, Y সাধারণ ITALIAN শব্দে ব্যবহার হয় না।

তবে বিদেশি শব্দ ও নামের ক্ষেত্রে এগুলো দেখা যায়।

2 Italian Alphabet ও বাংলা উচ্চারণ

অক্ষর	ITALIAN নাম	বাংলা উচ্চারণ
A	a	আ
B	bi	বি
C	ci	চি
D	di	দি
E	e	এ
F	effe	এফ্‌ফে
G	gi	জি
H	acca	আক্কা
I	i	ই
L	elle	এল্লে
M	emme	এম্মে
N	enne	এন্নে
O	o	ও
P	pi	পি
Q	cu	কু
R	erre	এর্রে
S	esse	এস্‌সে
T	ti	তি
U	u	উ
V	vu	ভু
Z	zeta	জেতা

LE VOCALI — স্বরবর্ণ

Italian ভাষায় প্রধান ৫টি স্বরবর্ণ আছে:

A – E – I – O – U

3 Alphabet মুখস্থ করার সহজ পদ্ধতি

একসাথে সব মুখস্থ করার চেষ্টা করবে না।

এভাবে ভাগ করে শিখো:

প্রথম দল

A B C D E

আ – বি – চি – দি – এ

দ্বিতীয় দল

F G H I L

এফ্‌ফে – জি – আক্কা – ই – এল্লে

তৃতীয় দল

M N O P Q

এম্মে – এন্নে – ও – পি – কু

চতুর্থ দল

R S T U V Z

এর্রে – এস্‌সে – তি – উ – ভু – জেতা

4 অক্ষর চিনতে শিখি

এখন প্রতিটি অক্ষর দিয়ে একটি সহজ শব্দ দেখি।

A	Amico	বন্ধু
B	Bambino	শিশু / ছেলে
C	Casa	বাড়ি
D	Donna	নারী
E	Esempio	উদাহরণ
F	Famiglia	পরিবার
G	Gatto	বিড়াল
H	Hotel	হোটেল
I	Italia	ইতালি
L	Libro	বই
M	Madre	মা
N	Nome	নাম
O	Ora	এখন
P	Pane	রুটি
Q	Quando	কখন
R	Roma	রোম
S	Sole	সূর্য
T	Tavolo	টেবিল
U	Uomo	পুরুষ
V	Vino	ওয়াইন
Z	Zaino	ব্যাগ

5 Italian শব্দ কীভাবে পড়তে হয়?

Italian ভাষার একটি বড় সুবিধা হলো:

বেশিরভাগ ক্ষেত্রে যেভাবে লেখা হয়, প্রায় সেভাবেই পড়া হয়।

এখন শব্দ ভেঙে পড়ি।

CASA

C + A	CA S + A = SA
CA + SA	CASA

উচ্চারণ: কাসা অর্থ: বাড়ি

MAMMA

M + A	MA M + MA = MMA
MA + MMA	MAMMA

উচ্চারণ: মাম্মা অর্থ: মা

PANE

PA + NE

PANE

উচ্চারণ: পানে অর্থ: রুটি

6 অক্ষর জোড়া দিয়ে পড়া

BA – BE – BI – BO – BU

- BA = বা
- BE = বে
- BI = বি

- BO = বো
- BU = বু

উদাহরণ:

B A R	BAR

MA – ME – MI – MO – MU

- MA = মা
- ME = মে
- MI = মি
- MO = মো
- MU = মু

উদাহরণ:

M A R E	MARE
Mare	সমুদ্র

7 Sillaba কী?

একটি শব্দকে ছোট ছোট অংশে ভাগ করে পড়াকে বলা হয় Sillaba।

বাংলায় আমরা যেমন শব্দ ভেঙে পড়ি, Italian-এও একইভাবে করা যায়।

উদাহরণ:

C A - S A

Casa	বাড়ি

P A - N E

Pane	রুটি

TA-VO-LO

Tavolo টেবিল

FA-MI-GLIA

Famiglia পরিবার

শব্দকে ভাগ করে পড়লে নতুন শব্দ শেখা অনেক সহজ হয়।

8 বানান করা — Fare lo spelling

Italian ভাষায় কাউকে নিজের নাম বানান করে বলতে হতে পারে।

উদাহরণ:

তোমার নাম যদি হয়:

ANIK

তাহলে:

A – N – I – K

Italian Alphabet-এ:

A, Enne, I, Kappa

বিদেশি নামের জন্য K ব্যবহার করা যায়।

উদাহরণ:

ROMA

R – O – M – A

Italian-এ:

Erre – O – Emme – A

গুরুত্বপূর্ণ বাক্য

Come si scrive?

কোমে সি স্ক্রিভে? এটা কীভাবে লেখা হয়?

Come si fa lo spelling?
বানান কীভাবে করা হয়?

Puoi fare lo spelling?
তুমি কি বানান করে বলতে পারো?

Si scrive C-A-S-A.
এটি C-A-S-A লেখা হয়।

9 বিশেষ অক্ষর: C

Italian ভাষায় C কখনো ক, আবার কখনো চ এর মতো উচ্চারণ হয়।

CA – CO – CU = ক

- Casa = কাসা
- Cosa = কোজা / কোসা
- Cuore = কুওরে

CE – CI = চ

- Cena = চেনা
- Cinema = চিনেমা

10 CH = ক

অনেকে ভুল করে CH-কে ইংরেজির মতো পড়ে।

Italian-এ:

CHE	কে
CHI	কি